

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট

শ্রেণি - চতুর্থ
বিষয় - বাংলা
কবিতা - সবার আমি ছাত্র (দ্বিতীয় অংশ)

১) শব্দের পরিচিতি ও প্রয়োগ:-

শব্দ	অর্থ	বিপরীত	পদ
উদার	মহৎ/ সংকীর্ণতামুক্ত	অনুদার।	বিগ
মহান	মহৎ ব্যক্তি	x	বিগ
তেজ	বল, শক্তি, দীপ্তি	x	বি
মিঠে	মিষ্টি	তিক্ত	বিগ
মধুর	মিষ্টি	অম্ল	বিগ
অন্তর	মন	x	বি
কঠোর	কঠিন / শক্ত	নরম	বিগ
দীক্ষা	তত্ত্বজ্ঞান লাভ	x	বি
সরসতা	রসালো ভাব	নীরস	বি
ভিক্ষা	প্রার্থনা/লব্ধ বস্তু	x	বি
বিশ্ব	পৃথিবী	x	বি
পাঠশালা	গ্রামীণ বিদ্যালয়	x	বি
দিবারাত্র	দিনরাত	x	বি
কৌতূহল	আগ্রহ	x	বি
সন্দেহ	সংশয়	নিঃসন্দেহ	বি

২) বাক্যরচনা করো:-

কর্মী, খোলামাঠ, কৌতূহল, পাঠশালা, সাগর, দীক্ষা (H/W)

নমুনা-

কর্মী - প্রকৃত কর্মীরা সঠিক সময়ে নিজ নিজ কাজ সম্পন্ন করেন।

৩) জেনে রাখো:-

শিক্ষক	কী শিক্ষা দেয়
আকাশ	উদারতা
বাতাস	কর্মী হওয়া
পাহাড়	মৌন ও মহান হওয়া
খোলামাঠ	দিলখোলা হওয়া
সূর্য	তেজে উদ্দীপ্ত হওয়া
চাঁদ	মিষ্টি হাসি ও কথা
সাগর	জ্ঞান সমৃদ্ধ মন
নদী	আপন বেগে চলার শিক্ষা
মাটি	সহিষ্ণুতা
পাষণ	কঠোরতা
ঝর্ণা	সুরের শিক্ষা
শ্যাম বনানী	সরসতা

৪) উত্তর দাও:-

উদার বলতে কী বোঝো? “সবার আমি ছাত্র” কবিতায় কাকে উদার বলা হয়েছে? কেন?

উঃ) যার মন অত্যন্ত মহৎ, প্রশস্ত, সংকীর্ণ নয়, ছোটো-বড়ো, উচ্চ-নীচ যার মনে স্থান পায় না, সবাই যার কাছে সমান - সেই উদার।

কবিতাটিতে আকাশকে উদার বলা হয়েছে কারণ নীল আকাশে কত পাখি, পোকামাকড়, পতঙ্গ উড়ে বেড়ায়। কত এরোপ্লেন, মহাকাশযান চলাচল করে, কত মেঘ এসে তর্জন-গর্জন করে, চোখ রাঙায়, কত যুদ্ধাশ্র হানা দেয়। আকাশ কিন্তু তাতে একটুও বিচলিত না হয়ে সকলকে তার বুকে টেনে নেয়। সবাই তার কাছে সমান, তাই আকাশকে উদার বলা হয়েছে।

বিঃদ্রঃ

- ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।
- নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।
- আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।